গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.৬৫০০.০৪২.১৪.০৫০.১৭ ৫১৫

তারিখ: ২০ চৈত্র ১৪২৬ / ২৪ মার্চ ২০২০

বিষয়: ২০১৯-২০২০ অর্থ বছরে নড়াইল জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহিত প্রকল্প বাস্তবায়নের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: নড়াইল জেলা পরিষদের স্মারক নং-জেপ/নড়া/কাঃ/১-১/২০১৯/৮১; তারিখ; ০৮/০৩/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০১৯-২০২০ অর্থ বছরে নড়াইল জেলা পরিষদের অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭,৫০,০০,০০০/-(সাত কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় গৃহীত ৩৫০টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৮৮, ৯৪, ১২৮, ২৮৯ ও ৩০৬ এ উল্লেখিত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার ৫টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট ৭,৪৫,০০,০০০/- (সাত কোটি পঁয়তাল্লিশ লক্ষ) টাকায় ৩৪৫টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো:

(১) স্থানীয় সরকার বিভাগের গত ০৭/০১/২০২০ তারিখের ২০নং স্মারকের নির্দেশনা, পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং এতদসংক্রান্ত বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে;

(২) সেলাই মেশিন বিতরণ প্রকল্পের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর বা মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্তদের মাঝে সেলাই মেশিন বিতরণ করতে হবে, তবে সুবিধাভোগীগণ ইতোপূর্বে অন্য কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে সেলাই মেশিন গ্রহণ করেনি মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

J.Main 24/03/2020
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নড়াইল।

অনুলিপি:

১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।